বাংলাদেশের পররাষ্ট্রনীতি জাতীয় স্বার্থকেন্দ্রিক: শামা ওবায়েদ



শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

সব দেশের সঙ্গে পারস্পরিক সম্মান ও জাতীয় স্বার্থের ভিত্তিতে সম্পর্ক এগিয়ে নেওয়াই বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূল লক্ষ্য বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। তিনি বলেন, একটি দেশের সঙ্গে সুসম্পর্ক থাকলেই অন্য দেশের সঙ্গে সম্পর্ক ক্ষতিগ্রস্ত হবে এমন ধারণা সঠিক নয়।

বুধবার (১ জুলাই) পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

প্রতিমন্ত্রী জানান, ইরানের সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলী খামেনির জানাজায় জাতীয় সংসদের স্পিকারের অংশগ্রহণ ঢাকা ও তেহরানের বন্ধুত্বপূর্ণ সম্পর্কেরই প্রতিফলন। অন্যদিকে, বিরোধী দলের কেউ ব্যক্তিগতভাবে ইরান সফর করলে সেটি তাদের নিজস্ব সিদ্ধান্ত বলেও মন্তব্য করেন তিনি।

পাচার হওয়া অর্থ ফেরত আনার বিষয়ে শামা ওবায়েদ বলেন, কয়েকটি দেশের সঙ্গে এ বিষয়ে চুক্তি হওয়া বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ অগ্রগতি। তবে অর্থ ফেরত একটি দীর্ঘমেয়াদি ও প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া, তাই এটি তাৎক্ষণিকভাবে সম্পন্ন হওয়ার সুযোগ নেই। এ বিষয়ে সরকারের কার্যক্রম চলমান রয়েছে।

প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর প্রসঙ্গে তিনি বলেন, চীন বাংলাদেশের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের গুরুত্বপূর্ণ অংশীদার। এ সফরের মাধ্যমে দুই দেশের সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে এবং ভবিষ্যতে বাংলাদেশে চীনা বিনিয়োগ বাড়বে বলে সরকার আশাবাদী।

তিনি আরও জানান, চীনের প্রস্তাবিত 'টু প্লাস টু' বৈঠক এবং করিডোর-সংক্রান্ত প্রস্তাব সরকার পর্যালোচনা করছে। জাতীয় স্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হলে সেগুলো বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।